গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা

# রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির ডিসেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>বিভাগীয় কমিশনার, রাজশাহী |
| সভার তারিখ | ২০ ডিসেম্বর, ২০২১ খ্রি. |
| সভার সময় | বেলা ১১:১৫ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u><br>সভাপতি কর্তৃক গত ২৫ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কিনা সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার বিষয়ে আলোচনা হয়।</td><td>১। গত ২৫ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী</td></tr>
<tr><td>২</td><td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u><br>বিগত ১৭ আগস্ট, ২০২১ ও ২৫ অক্টোবর, ২০২১ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table>
<tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr>
<tr><td>আগস্ট/২১</td><td>৪৮</td><td>৪৬</td><td>৯৫.৮৩%</td></tr>
<tr><td>অক্টোবর/২১</td><td>৪০</td><td>৩৮</td><td>৯৫%</td></tr>
</table>
শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td><td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
<tr><td>৩</td><td><u>আইএমইডি:</u><br>রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে এবং সমন্বয়ের প্রয়োজন হলে সভায় আলোচনা করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।</td><td>১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে এবং সমন্বয়ের প্রয়োজন হলে সভায় আলোচনা করতে হবে।</td><td>১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা<br><br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৪ | <u>**কোভিড-১৯ প্রতিরোধ সংক্রান্ত:**</u><br>পরিচালক (স্বাস্থ্য), সভায় জানান যে, মে-জুন মাসে কোভিড-১৯ সংক্রমণ হার সবচেয়ে বেশি ছিল। বর্তমানে রাজশাহী বিভাগে করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং সংক্রমণের হার গড়ে প্রায় ১.৯০%। এ বিভাগে মোট নমুনা পরীক্ষা করা হয়েছে প্রায় ৪.৫ লাখ। শনাক্তের হার ৭০%। সুস্থ্যতার হার ৯৬%। মৃত্যু হার ১.৭৫%। ২০২০ সালের তুলনায় ২০২১ সালের জুন-জুলাই-আগস্ট মাসে মৃত্যু হার ছিল অনেক বেশি। মেডিকেল কলেজ হাসপাতাল এবং জেলা হাসপাতালে সেন্টাল অক্সিজেন সাপ্লাই স্বাভাবিক রয়েছে। তবে উপজেলা পর্যায়ে ম্যান পাওয়ার এর মাধ্যমে অক্সিজেন সরবরাহ করা হচ্ছে। রাজশাহী বিভাগে ১ কোটিরও বেশিও মানুষ ভ্যাকসিনের জন্য রেজিস্ট্রেশন করেছে। রেজিস্ট্রেশনকৃত ৮৯% ব্যক্তিকে ১ম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে। ৫৪% ব্যক্তিকে ২য় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে। এ বিভাগে মোট ১ কোটি ৪২ লাখ ব্যক্তিকে ভ্যাকসিন প্রদান করা হয়েছে। স্ব স্ব দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের ১ম ও ২য় ডোজ ভ্যাকসিন গ্রহণ নিশ্চিতকরণের জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদানের জন্য ভেন্যু নির্ধারণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কোভিড-১৯ এর নতুন ভেরিয়েশন অমিক্রণ মোকাবিলায় আরো সচেতন হওয়ার জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। কোভিড-১৯ সংক্রমণরোধে ভ্যাকসিন নেয়ার পরেও সামাজিক দূরত্ব বজায় রাখা এবং মাস্ক ব্যবহার অর্থাৎ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।<br>ডেঙ্গু প্রতিরোধে রাজশাহী সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত আছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। | ১। কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিন নেয়ার পরেও মাস্ক ব্যবহার, সামাজিক দূরত্ব বজায় রাখা অর্থাৎ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br><br>২। সুষ্ঠুভাবে ভ্যাকসিন প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩। ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br><br>৪। স্কুল পর্যায়ে শিক্ষার্থীদেরকে ভ্যাকসিন দেয়ার বিষয়ে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করতে হবে। | ১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ<br><br>২। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br><br>৩। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল<br><br>৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন |
| ৫ | <u>**খাদ্য বিভাগ:**</u><br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল সভায় জানান যে, আমন সংগ্রহের কাজ চলছে। চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ১,০০,০০,০৫৭ মে.টন এবং ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৪৪,০০০ মে.টন। চাল সংগ্রহ করা হয়েছে ৫৬,০০০ মে.টন এবং ধান সংগ্রহ করা হয়েছে ২,১০০ মে.টন। এ বিভাগে মজুদ পরিস্থিতি অত্যন্ত সন্তোষজনক। চাল মজুদ রয়েছে প্রায় ৩,০০,০০০ মে.টন এবং গম মজুদ রয়েছে ২৫,০০০ মে.টন। অভ্যন্তরীণ সংগ্রহের পাশাপাশি জি টু জি পদ্ধতিতে বৈদেশিক সংগ্রহও অব্যাহত রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতমালা, ২০১৭ অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ করার জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। ধান/চাল/গম অর্থাৎ খাদ্য সংগ্রহে অনিয়ম পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতমালা, ২০১৭ অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>২। খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।<br>৩। ধান/চাল/গম অর্থাৎ খাদ্য সংগ্রহে অনিয়ম পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ<br><br>২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৬ | **কৃষি বিভাগ:**<br>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল সভায় জানান যে, বগুড়া ও জয়পুরহাট জেলায় টিএসপি সারের ঘাটতি ছিল। কিন্তু উক্ত ঘাটতি জনিত সমস্যা নিরসনকল্পে অতিরিক্ত বরাদ্দ চেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হয়েছে এবং সমস্যা সমাধান হয়েছে। নির্ধারিত মূল্যের চেয়ে বেশি মূল্যে কেউ সার বিক্রি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। এছাড়াও তিনি আরো জানান যে, বগুড়া অঞ্চলে প্রচুর পরিমানে লিচু, আম,কাঁঠাল, পেয়ারা, কুল, পেঁপে, লেবুর বাগান গড়ে উঠেছে। ফল উৎপাদনে এ অঞ্চলের একটি বিশেষ ভূমিকা রয়েছে। বিশেষ করে মধুফল হিসেবে পরিচিত লিচু উৎপাদনে পাবনা জেলা দেশের শীর্ষ স্থানে রয়েছে। পাবনা জেলার লিচু প্রচুর পরিমানে রপ্তানি হয়ে থাকে। আম, কাঁঠাল, পেয়ারা, কুল, ড্রাগন ফ্রুট ও লেবু উৎপাদনের ক্ষেত্রেও এ অঞ্চল বিশেষ অবদান রেখে চলেছে।<br>তিনি আরো জানান যে, ধানের হাইব্রিড জাতের পাশাপাশি ইনব্রিড জাত (ব্রি ধান-৭৫ ব্রি ধান-৮১,৮৫,৮৭,৮৯,৯১) এবং ফাইন রাইচ (ব্রি ধান-৩৪ ব্রি ধান-৯০) জাতের ধান চাষাবাদে কৃষকদেরকে উৎসাহিত করা হচ্ছে। | ১। উচ্চ ফলনশীল ধান চাষাবাদে কৃষকদেরকে উৎসাহিত করতে হবে।<br>২। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে হবে।<br><br>৩। সারের ঘাটতিজনিত সমস্যা নিরসনকল্পে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৪। নির্ধারিত মূল্যের চেয়ে বেশি মূল্যে কেউ সার বিক্রি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল<br><br>৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল |
| ৭ | **গণপূর্ত বিভাগ:**<br>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, রাজশাহীতে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্রকল্পটির কাজ ভালোভাবেই চলছে। নভোথিয়েটারে আধুনিক প্রযুক্তির ডিজিটাল প্রজেক্টর সিস্টেমযুক্ত প্ল্যানেটরিয়াম, সায়েন্টিফিক অ্যান্ড ডিজিটাল এক্সিবিটস, ফাইভ-ডি সিমিউলেটর থিয়েটার, টেলিস্কোপ, কম্পিউটারাইজড টিকেটিং অ্যান্ড ডেকোরেটিং সিস্টেমসহ নানা সুবিধা থাকবে। ভবন নির্মাণ শেষ হলে দ্রুত অন্যান্য যন্ত্রাংশ সংযোজন হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। উক্ত নভোথিয়েটার প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ মনিটরিং করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ মনিটরিং করতে হবে। | ১। জেলা প্রশাসক, রাজশাহী<br><br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন<br><br>৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৮ | <u>সড়ক বিভাগ:</u><br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:), সওজ, রাজশাহী জোন জানান যে, বিন্দুর মোড় হতে নওহাটা পর্যন্ত ৪ লেন রাস্তার কাজ চলছে। সড়কের জায়গায় বৈদ্যুতিক পোল বসানো নিয়ে কিছুটা সমস্যা ছিল। আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যা সমাধান করা হয়েছে। কাজ চলছে এমন সড়কের জায়গা হতে দ্রুত বৈদ্যুতিক পোল স্থানান্তর ও গাছ অপসারণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, সড়কের জায়গায় গাছ থাকায় রাস্তা কাজে বিলম্ব হচ্ছে। গাছগুলো সরানোর বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। তিনি আরো জানান যে, রাজশাহী জোন এর আওতাধীন জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা মহাসড়কসমূহের উভয় পার্শ্বে নতুনভাবে বৈদ্যুতিক পোল/খুঁটি, পানির লাইন, টেলিফোন লাইন, অপটিক্যাল ফাইবার লাইন স্থাপন করার পূর্বে স্ব স্ব সড়ক বিভাগ কর্তৃক অনাপত্তি পত্র সংগ্রহের জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্রের মাধ্যমে অবহিত করা হচ্ছে/হয়েছে; যাতে সরকারি অর্থের অপচয় রোধ করা যায়। কিন্তু বেশীরভাগ ক্ষেত্রেই উপরোক্ত দপ্তরসমূহ কর্তৃক সড়কের পাশে ইউটিলিটি লাইন স্থাপন/মেরামত/সংস্কার কাজের সময় সওজের মাঠ পর্যায়ের দপ্তরকে অবহিত করা হয় না। সড়কের জায়গায় বৈদ্যুতিক পোল স্থাপন, ইউটিলিটি লাইন স্থাপনসহ অন্যান্য লাইন স্থাপনের ক্ষেত্রে স্ব স্ব দপ্তরকে সড়ক বিভাগের সাথে সমন্বয় করে কাজ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। সড়ক বিভাগের সাথে সমন্বয় করে সঠিক জায়গায় বৈদ্যুতিক পোল স্থাপন, ইউটিলিটি লাইন স্থাপনসহ অন্যান্য লাইন স্থাপন করতে হবে।<br><br>২। কাজ চলছে এমন সড়কের জায়গা হতে দ্রুত বৈদ্যুতিক পোল স্থানান্তর ও গাছ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল),রাজশাহী বিভাগ<br><br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।<br><br>৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন<br><br>৪। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br><br>৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল) রাজশাহী বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ৯ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল সভায় জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য ১ম পর্যায়ের নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে। রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে রাজশাহী জেলায় ১৫০টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভির নলকূপ, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ৬৪টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভির নলকূপ এবং ৯৫টি অগভির তারা নলকূপ, নওগাঁ জেলায় ৮০টি সাবমার্সিবল পাম্পযুক্ত নলকূপ, ৭৯টি অগভির তারা নলকূপ, বগুড়া জেলায় ১৭১টি তারা নলকূপ, জয়পুরহাট জেলায় ৫০টি অগভির তারা নলকূপ, পাবনা জেলায় ৮০টি অগভির তারা নলকূপ এবং ৫০টি গভির তারা নলকূপ, সিরাজগঞ্জ জেলায় ১৩১টি অগভির নলকূপ এবং ২টি গভির তারা নলকূপ এবং নাটোর জেলায় ১৪৪টি অগভির তারা নলকূপসহ মোট ১০৯৬টি পানির উৎস স্থাপন কাজের বরাদ্দের বিপরীতে ১০৯৬টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ে রাজশাহী জেলায় ১০৫টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভির নলকূপ, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ১২৯টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভির নলকূপ এবং ৪৪টি হস্তচালিত অগভির নলকূপ, পাবনা জেলায় ২০টি অগভির তারা নলকূপ, সিরাজগঞ্জ জেলায় ৬৫টি অগভির নলকূপ এবং ১৮টি অগভির তারা নলকূপ স্থাপনের কার্যাদেশ প্রদান করা হয়েছে। অতি শীঘ্রই কাজ শুরু করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। গৃহহীনদের জন্য নির্মিত প্রতি ৩টি ঘরের জন্য ১টি নলকূপ বরাদ্দ রয়েছে। কিন্তু কিছু কিছু উপজেলায় ঘরগুলো বিচ্ছিন্ন হওয়ায় কোথায় নলকূপ স্থাপন করা হবে এ নিয়ে কিছুটা জটিলতা হচ্ছে। এ জটিলতা নিরসনকল্পে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করার জন্য সভায় আলোচনা করা হয়। | ১। মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য ২য় পর্যায়ের আশ্রয়ন প্রকল্পে পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন কার্যক্রম তরান্বিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>২। আশ্রয়ন প্রকল্পে নির্মিত বিচ্ছিন্ন ঘরগুলোতে পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপনে জটিলতা নিরসনকল্পে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল |
| ১০ | **পানি উন্নয়ন বোর্ড:**<br>প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী সভায় জানান যে, রাজশাহী বিভাগের ৮টি জেলায় ৯টি প্রকল্পের নদী সংরক্ষণ এবং ড্রেজিং কাজ চলমান রয়েছে। প্রতিটি প্রকল্প এলাকা নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। পরিদর্শনকালে কিছু কিছু এলাকায় দেখা গেছে অপরিকল্পিতভাবে বালু উত্তোলনের ফলে কিছু কিছু এলাকায় বাঁধ ও স্থাপনা ভেঙ্গে যাচ্ছে। বালু মহাল বালু উত্তোলন করছে নাকি অপরিকল্পিতভাবে বালু উত্তোলন করছে সে বিষয়টি দেখার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে সুস্পষ্ট প্রতিবেদন করে অত্র কার্যালয়কে অবহিতকরণের জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। | ১। নদী খননের ফলে ব্রিজ, রাস্তা, প্রতিষ্ঠানসহ যে কোন স্থাপনার যেন ক্ষতি না হয় এমনভাবে নদী খনন করতে হবে।<br><br>২। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে সুস্পষ্ট প্রতিবেদন করে অত্র কার্যালয়কে অবহিত করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১১ | **<u>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:</u>**<br>পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী সভায় জানান যে, অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং এপিএ এর লক্ষ্যমাত্রাও অর্জিত হচ্ছে।<br>শীতকালে মুরগীর রাণীক্ষেত এবং হাঁসের ডাক প্লেগ রোগ প্রতিরোধে রাজশাহী বিভাগের যে যে জেলায় হাঁস-মুরগীর ফার্ম রয়েছে, তাদের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় টিকা প্রদান করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, রাজশাহী বিভাগে ৮টি জেলার উপজেলাসমূহে খামারীদের উৎসাহিতকরণে ৫৮৬৬ জন খামারীকে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে আধুনিক প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩৫৫ টি উঠান বৈঠকের মাধ্যমে ৪৭৪০ জন খামারীকে উৎসাহ ও উদ্বুত করা হয়েছে। ঘাস চাষ সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে ২৫৮.৮ একর জমিতে উন্নত ঘাস চাষ সম্প্রসারণ করা হয়েছে। তরল ও হিমায়িত সিমেন দ্বারা ৭৪১৩৫টি গাভীকে কৃত্রিম প্রজনন করার ফলে ২৭২৪৪টি উন্নতজাতের গরুর বাছুর জন্মলাভ করেছে। ফলে গবাদিপশু পালনে, স্বাস্থ্যবিধি ও পুষ্টি বিষয়ে খামারীদের জ্ঞান ভান্ডার সমৃদ্ধ হয়েছে এবং প্রাণি উৎপাদনে আশাব্যঞ্জক অগ্রগতি সাধিত হয়েছে।<br>রাজশাহী বিভাগের প্রাণিসম্পদের সুস্বাস্থ্য রক্ষা এবং রোগ বালাই প্রতিরোধের নিমিত্তে, গবাদিপশু ২৮,৫৯,২০৪ মাত্রা টিকা এবং হাঁস-মুরগিকে ৩৯,৭১,৯০০ মাত্রা রোগ প্রতিশেধক টিকা প্রদান করা হয়েছে। রোগ নিরাময়ের জন্য ১,৭১,৪৮৪টি গবাদিপশু এবং ১৪,৩২,৭০৯টি হাঁস-মুরগিকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। প্রাণিস্বাস্থ্য সেবা সহজীকরণের জন্য ১৬৩টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে প্রায় ৯৩৬০টি গবাদিপশু এবং প্রায় ২১,৫০০টি হাঁস-মুরগি চিকিৎসা ও স্বাস্থ্যগত পরামর্শ দেয়া হয়েছে। | ১। গবাদিপশু ও হাঁস-মুরগিসহ অন্যান্য প্রাণীর শীতকালীন রোগ প্রতিরোধের টিকা প্রদান করতে হবে।<br><br>২। গবাদিপশুকে সুস্থ রাখতে খামারীদেরকে পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>৩। এ বিভাগের যে যে জেলায় হাঁস-মুরগীর ফার্ম রয়েছে, তাদের সাথে যোগাযোগ করে শীতকালীন রোগ প্রতিরোধ টিকা প্রদান করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী<br><br>২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১২ | <u>মৎস্য বিভাগ:</u><br>সিনিয়র সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী সভায় জানান যে, মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য খাদ্য আইন ও মৎস্য হ্যাচারি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে এবং প্রকল্প অনুযায়ী মৎস্য চাষীদের বিভিন্ন মাছের প্রদর্শনী দেওয়া হচ্ছে। বড় মাছসহ পাবদা, গোলসা, শিং এবং গলদা চিংড়ি মাছের ব্যাপক উৎপাদন বেড়েছে। এসব মাছ চাষাবাদে চাষীরা বেশ আগ্রহ প্রকাশ করেছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। হাউজে মাছ চাষের উপরও কর্মশালার আয়োজন করা হচ্ছে। তিনি আরো জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইনও যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থ বৎসরে অক্টোবর ,২০২১ মাস পর্যন্ত ক)মৎস্য সংরক্ষণ আইন :৩০১৭টি খ)মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন:৭৪টি এবং গ)মৎস্য হ্যাচারি আইন :২৯টি যার মধ্যে ২১৭টি মোবাইল কোর্ট, ২৮০০টি অভিযান বাস্তবায়নসহ মোট ৩২১টি মামলা এবং ২.১০৪৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। বেসরকারি হ্যাচারি ও মৎস্য খাদ্য প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনা হয় এবং প্রতি বছর নবায়ন করা হয়। এ পর্যন্ত ১৯৮ টি বেসরকারি হ্যাচারি ও ৮৫০ টি মৎস্য খাদ্য প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনা হয়েছে। বড় মাছ চাষের পাশাপাশি দেশীয় ছোট মাছ চাষের বিষয়ে মৎস্যচাষীদেরকে উৎসাহিত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়। | ১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>২। বড় মাছ চাষের পাশাপাশি দেশীয় ছোট মাছ চাষের বিষয়ে মৎস্যচাষীদেরকে উৎসাহিত করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল),রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ |
| ১৩ | <u>প্রাথমিক শিক্ষা বিভাগ:</u><br>উপপরিচালক, প্রাথমিক শিক্ষা সভায় জানান যে, উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক নিয়মিত স্কুল পরিদর্শন করছেন। তিনি আরো জানান যে, এ বিভাগে প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রায় ৮৫% বই এসেছে। তৃতীয় হতে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য বই ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। শিক্ষার্থীদের জন্য প্রি-প্রামারি বই পেতে হয়তো একটু বিলম্ব হতে পারে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ১। নিয়মিত স্কুল পরিদর্শন করতে হবে।<br><br>২। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সুষ্ঠু ও সুন্দরভাবে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা রাজশাহী বিভাগ |
| ১৪ | <u>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:</u><br>উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল সভায় জানান যে, শিক্ষার্থীদের জন্য ৬০% বই এসেছে। বাকি বইগুলো ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বই আসার ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ১। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করতে হবে।<br><br>২। বই প্রাপ্তির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **পরিসংখ্যান বিভাগ:**<br>পরিসংখ্যান কর্মকর্তা, পরিসংখ্যান অফিস, রাজশাহী সভায় জানান যে, শ্রমশক্তি জরিপ এবং শিশুশ্রম জরিপের লিস্টিং অপারেশন কার্যক্রম নভেম্বর ২০২১ মাসে সম্পন্ন হয়েছে। জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ-২০১৯ এর তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রস্তুতিমূলক কার্যক্রম চলছে। মূল শুমারির তথ্য সংগ্রহের কার্যক্রম সদর দপ্তরের পরবর্তী নির্দেশনা অনুযায়ী অনুষ্ঠিত হবে।<br>Rapid Multiple Indicator Cluster Survey (MICS-2022) এর তথ্য সংগ্রহের কাজ ২১ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে।<br>পরিবেশ সংরক্ষণ, সম্পদ এবং বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কিত ব্যয় নিরূপণ (প্রতিষ্ঠান) জরিপ-২০২১ এবং বর্জ্য ব্যবস্থাপনা জরিপ (সিটি কর্পোরেশন ও পৌরসভা)-২০২১ এর পাইলটিং কার্যক্রম রাজশাহী ও বগুড়া জেলায় চলমান রয়েছে।<br>হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) ২০২১-২২ প্রকল্পের তথ্য সংগ্রহকারীগণের প্রশিক্ষণ সদর দপ্তরে চলমান রয়েছে। ০১ জানুয়ারি ২০২২ থেকে মাঠ পর্যায়ে বছর ব্যাপি তথ্য সংগ্রহের কার্যক্রম শুরু হবে।<br>Survey on Street Children (SSC) 2022 এর কার্যক্রম আগামী জানুয়ারি ২০২২ মাসে শুরু হবে।<br>Quantum Index of Industrial Production (QIIP) ও Producer Price Index (PPI) এর তথ্য সংগ্রহের কাজ অক্টোবর ২০২১ মাসে সম্পন্ন হয়েছে।<br>ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফিতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দর ছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে চলছে ।<br>মাসিক কৃষি মজুরীসহ প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের নিয়মিত রিপোর্ট যথাসময়ে প্রেরণ করা হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ১। স্বাস্থ্যবিধি মেনে জরিপের কাজসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br><br>২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর:**<br>উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বলেন যে, ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ প্রতিরোধের লক্ষ্যে রাজশাহী বিভাগে ২০২১-২২ অর্থবছরে জুলাই-২০২১ থেকে অক্টোবর-২০২১ পর্যন্ত সময়ে রাজশাহী মহানগরসহ রাজশাহী বিভাগের সকল জেলায় ৪৬০টি তদারকিমূলক অভিযান পরিচালনার মাধ্যমে ১২৭৩টি প্রতিষ্ঠানকে ৮৫,২৫,৬০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে, যা ট্রেজারি চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এছাড়া ভোক্তা-সাধারণ কর্তৃক দায়েরকৃত ৩৬৬টি অভিযোগের মধ্যে ১৮৯টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত ১৮৯টি অভিযোগের মধ্যে ৪৭টি অভিযুক্ত প্রতিষ্ঠানকে ২,৪৮,৫০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে এবং ৪৭ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৬১,১২৫/- টাকা প্রদান করা হয়েছে এবং বাকী ৭৫% অর্থ ১,৮৬,৩৭৫/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। বাকী ১৪২টি অভিযোগ নথিজাত করা হয়েছে। ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং দন্ড সম্পর্কে ভোক্তা-ব্যবসায়ীদের সচেতনতা ও আইনের ব্যাপক প্রচার-প্রচারণার লক্ষ্যে রাজশাহী বিভাগে ৪৯টি সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে এবং অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং দন্ড সম্পর্কে ভোক্তা-ব্যবসায়ীদের সচেতনতা ও আইনের ব্যাপক প্রচার-প্রচারণার লক্ষ্যে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে এবং অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি আরো জানান যে, জেলা ও উপজেলা পর্যায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ বিষয়ে অবহিতকরণ সভা করার জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত সভা আয়োজনের বিষয়ে সভায় জেলা প্রশাসকদের সহযোগিতা কামনা করা হয়। | ১। স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভোক্তা-অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>২। জেলা ও উপজেলা পর্যায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **বনবিভাগ:**<br>বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া সভায় জানান যে, অবৈধ করাত-কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে প্রতি জেলার প্রতি উপজেলার কার্যক্রম অব্যাহত রয়েছে। সামাজিক বন বিভাগ, বগুড়া কর্তৃক অবৈধ করাতকল উচ্ছেদের বিষয়ে উপজেলা/জেলা প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের সকল দপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সামাজিক বন বিভাগ, পাবনায় নভেম্বর/২১ মাসে মোবাইল কোর্ট পরিচালনা করে ১১টি করাত কলের বিরুদ্ধে ৩২,০০০/-টাকা জরিমানা আদায় করা হয়েছে। এ ছাড়া সামাজিক বন বিভাগ, রাজশাহীতে অবৈধ দখলদারের নিকট হতে বন বিভাগের জমি উদ্ধারের প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। সামাজিক বন বিভাগ, রাজশাহীর অধীন পবা ও চারঘাট এসএফ এনটিসি'র মোট ১০টি পুরাতন ভবন এবং নওগাঁ জেলার পাইকবান্দা ও সাপাহার রেঞ্জ এবং নিয়ামতপুর এসএফএনটিসি ২৫টি পুরাতন ভবন অবলোপনের অনুমোদন পাওয়া গেছে। মূল্যনির্ধারণী প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। সামাজিক বন বিভাগ, বগুড়ার আওতাধীন জয়পুরহাট জেলার সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জয়পুরহাট এর সরকারি পুরাতন ০৮টি ভবন নিলামে বিক্রয়ের প্রক্রিয়াধীন আছে এবং সামাজিক বন বিভাগ, পাবনার বিভিন্ন এসএফএনটিসি'র জরাজীর্ণ ভবনের তালিকা প্রস্তুত পূর্বক উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, বনবিভাগ কর্তৃক রাজশাহী, বগুড়া ও জয়পুরহাট জেলায় কিছু পুরাতন ও জরাজীর্ণ ভবন অপসারণে সরকারি মূল্য নির্ধারণে সহযোগিতা করার জন্য গণপূর্ত বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। অবৈধ করাত কল উচ্ছেদ এবং অবৈধ দখলদারদের হাত হতে বনবিভাগের জমি উদ্ধারের প্রয়োজনীয় কার্যক্রম করতে হবে।<br><br>২। জেলা ও উপজেলা পর্যায়ে বন বিভাগের পুরাতন ও জরাজীর্ণ ভবন অপসারণে সরকারি মূল্য নির্ধারণে সহযোগিতা করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী<br><br>৩। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল বগুড়া |
| ১৮ | **বিভাগীয় জেলা তথ্য অফিস:**<br>পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী সভায় জানান যে, কোভিড-১৯ বিষয়ে চলচ্চিত্র প্রদর্শন, মতবিনিময় সভা, সড়কে জনগুরুত্বপূর্ণ বার্তা প্রচার, পোস্টার/ পুস্তিকা বুকলেট বিতরণ, উঠান বৈঠকসহ অন্যান্য জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে। | ১। কোভিড-১৯ বিষয়ে লিফলেট বিতরণসহ জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স:**<br>উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী সভায় জানান যে, রাজশাহী বিভাগে ৮টি জেলার মধ্যে নওগাঁ জেলাতে সাপাহার ও বদলগাছী উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ২টি প্রকল্প/স্টেশনের কাজ প্রায় সমাপ্তির পথে। উক্ত স্টেশন ২টির কাজের মান তদারকি করার বিষয়ে গণপূর্ত জোন এর দৃষ্টি আকর্ষণ করা হয়। অন্যান্য স্টেশনের কাজ চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়াও নদীমাতৃক বাংলাদেশে নৌ-দুর্ঘটনায় জরুরি উদ্ধারকল্পে শক্তিশালী ডুবুরি ইউনিট গঠন করা দরকার। এ লক্ষ্যে অর্থ বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রয়েছে। ডুবুরি ইউনিট গঠনের লক্ষ্যে অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে বলে সভায় জানানো হয়। | ১। গণপূর্ত বিভাগ কর্তৃক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রকল্প/স্টেশনের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।<br><br>২। নওগাঁ জেলার সাপাহার ও বদলগাছী উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ২টি প্রকল্প/স্টেশনের কাজের মান তদারকি করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী<br><br>৩। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী |
| ২০ | **সমাজসেবা অফিস:**<br>পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী সভায় জানান যে, রাজশাহী বিভাগে ২৯টি ইউনিট শতভাগ অনলাইন ভাতার আওতায় এসেছে। নগদ, বিকাশ এবং ব্যাংক এশিয়ার মাধ্যমে জি টু পি পদ্ধতিতে ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, সামাজিক নিরাপত্তায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধি ভাতা বেশি হারে দেওয়া হয়। হিজরা ভাতা ও বিশেষ ভাতা, মাতৃত্বকালীন ভাতা ও ভিজিএফ প্রদান করা হয়ে থাকে বলে তিনি সভাকে অবহিত করেন। এছাড়াও অন্যান্য ভাতা প্রদান ও অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোনো ভাতাভোগী ভাতা প্রাপ্তিতে যেন হয়রানি বা প্রতারণার শিকার না হয়, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। নগদ, বিকাশ এবং ব্যাংক এশিয়ার মাধ্যমে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>২। ভাতা প্রাপ্তিতে কোনো ভাতাভোগী যেন হয়রানি বা প্রতারণার শিকার না হয়, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী |
| ২১ | **যুব উন্নয়ন অফিস:**<br>উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী সভায় জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে । ২০২১-২০২২ অর্থবছরের নভেম্বর ২০২১ পর্যন্ত অগ্রগতি ১৫,১২৪ জন । নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে । যুবকদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে । ২০২১-২০২২ অর্থবছরের নভেম্বর ২০২১ পর্যন্ত ৩০৪২ জনকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হচ্ছে। চলতি অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম চলমান আছে এবং সে অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে এপিএ এর অগ্রগতি প্রতিবেদন প্রণয়নপর্বক প্রমাণকসহ যুব উন্নয়ন অধিদপ্তরের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । | ১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>২। আত্মকর্মসংস্থানে সঠিক ও সুন্দরভাবে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ২২ | <u>রাজশাহী ওয়াসা:</u><br>নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ওয়াসা, সভায় জানান যে, Surface Water Treatment Plant নামে একটি প্রকল্প রাজশাহী জেলার গোদাগাড়ীতে বাস্তবায়িত হবে। এটি একটি মেগা প্রকল্প। ইতোমধ্যে প্রকল্পটি বাস্তবায়ন বিষয়ে চীনা সরকারের সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। প্রকল্পটি শুরু হলে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট চীনা টেকনিশিয়ান, কর্মকর্তা-কর্মচারী এবং বিশেষজ্ঞ দল যেখানে অবস্থান করবে, সেখানে তাদের থাকা, খাওয়া এবং নিরাপত্তার বিষয়ে সভায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন হবে মর্মে সভায় জানানো হয়।<br>তিনি সভায় আরো অবহিত করেন যে, রাজশাহী ওয়াসা একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। পানির ট্যারিফ থেকে যে অর্থ আসে তা দিয়ে প্রতিষ্ঠানটির ব্যয় নির্বাহ সম্ভব হয় না বিধায় সরকারি অনুদানের উপর নির্ভর করতে হয়। ঢাকা এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার পানির ট্যারিফের তুলনায় রাজশাহী ওয়াসার পানির ট্যারিফ অনেক কম বিধায় রাজশাহী ওয়াসার আর্থিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পানির ট্যারিফ (অভিকর) বৃদ্ধির বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনা করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর পানির ট্যারিফ (অভিকর) বৃদ্ধির বিষয়টি অনুমোদন করেছেন বলে তিনি সভাকে অবহিত করেন। | ১। Surface Water Treatment Plant প্রকল্পটি শুরু হলে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্টদের নিরাপত্তাসহ প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।<br><br>২। রাজশাহীতে ওয়াসার পানির ট্যারিফ (অভিকর) বৃদ্ধি কার্যকর করতে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। | ১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা<br><br>২। জেলা প্রশাসক, রাজশাহী<br><br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন<br><br>৪। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ২৩ | <u>পরিবেশ অধিদপ্তর:</u><br>পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী জানান যে, অবৈধ ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের ম্যাজিস্ট্রেটগণের সমন্বয়ে মোবাইল কোর্ট পরিচালনা করে গত ৩ মাসে ৩৭,৩০,০০০ টাকা জরিমানা ধার্য এবং আদায় করা হয়েছে। তিনি আরো জানান যে, অবৈধ ইটভাটার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনায় জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের পক্ষ থেকে সহযোগিতা অব্যাহত রয়েছে। পরিবেশ দূষণ করছে, এমন অনেক প্রতিষ্ঠানের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ১। অবৈধ ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিপ্তরের ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশসানের ম্যাজিস্ট্রেটগণের সমন্বয়ে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>২। পরিবেশ দূষণ করছে, এমন প্রতিষ্ঠানের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী |
| ২৪ | <u>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ:</u><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী সভায় জানান যে, রাজশাহী বিভাগে ইরিগেশনের জন্য প্রায় ১০ হাজারের উপর সেচ যন্ত্র রয়েছে। প্রায় সবগুলো সেচ যন্ত্রই বিদ্যুতের মাধ্যমে চলে। বিদ্যুতের সার্ভিস ভালো থাকলে প্রায় ৩.৫০০ লক্ষ হে. জমিতে চাষাবাদ করা যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বরেন্দ্র অঞ্চলে ভূ-গর্ভস্থ পানি দ্বারা বছরব্যাপি সেচ সবিধা চালু হওয়ায় এলাকার এক ফসলি জমি তিন ফসলি জমিতে রূপান্তরিত হয়েছে। এ ব্যবস্থায় অন্যান্য এলাকাতেও ফসল উৎপাদন বৃদ্ধি পেয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, কোনো সমস্যা নেই বলে তিনি সভাকে অবহিত করেন। | ১। ইরিগেশনের জন্য সেচ যন্ত্রে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br><br>২। সেচ সবিধা চালুর মাধ্যমে এক ফসলি জমিকে তিন ফসলি জমিতে রূপান্তরিত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br><br>৩। নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | **ইসলামিক ফাউন্ডেশন:**<br>পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী সভায় জানান যে, কোভিড-১৯ বিষয়ে মুসলীদের মধ্যে সচেতনতা বাড়াতে প্রতিটি মসজিদে জুমার খুৎবায় কোভিড-১৯ পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে এবং বাস্তবায়িত হচ্ছে। সবাইকে মাস্ক ব্যবহার ও ভ্যাকসিন নেয়ার বিষয়ে সচেতন করা হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়াও মাদকের কুফল, বাল্যবিবাহের কুফল, ধর্মীয় মূল্যবোধসহ সম-সাময়িক বিষয় নিয়ে আলোচনা করার জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। | ১। মুসল্লীদের মধ্যে সচেতনতা বাড়াতে মসজিদে জুমার খুৎবায় কোভিড-১৯ পরিস্থিতি নিয়ে আলোচনা করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>২। মাদকের কুফল, বাল্যবিবাহের কুফল, ধর্মীয় মূল্যবোধসহ সম-সাময়িক বিষয় নিয়ে মসজিদে আলোচনা করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী |
| ২৬ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):**<br>এ বিভাগের সকল দপ্তরের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণক সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | ১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণক সংরক্ষণ করতে হবে। | বিভাগীয় দপ্তর প্রধানগণ |

অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মো: হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার, রাজশাহী

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০১.২১.৯১৪

তারিখ: ১১ পৌষ ১৪২৮
২৬ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৫) মহাপরিচালক, রেশন উন্নয়ন বোর্ড, রাজশাহী
৬) পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
৭) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
৮) প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী
৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
১০) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা
১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন
১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৩) পরিচালক , বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৪) প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী

১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৬) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
১৭) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া
১৮) পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী
১৯) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী
২০) প্রধান নির্বাহী কর্মকর্তা , রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
২১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন
২২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
২৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
২৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
২৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
২৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
২৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
২৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
২৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
৩০) অধিনায়ক , র্‍্যাব-৫, রাজশাহী
৩১) উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ
৩২) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
৩৩) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
৩৪) পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
৩৫) মহাব্যবস্থাপক-১, , টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী
৩৬) পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩৭) পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী
৩৮) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
৩৯) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
৪০) অতিরিক্ত পরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল
৪১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৪২) প্রধান নির্বাহী কর্মকর্তা, , জেলা পরিষদ, রাজশাহী
৪৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর
৪৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ
৪৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ
৪৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
৪৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ
৪৮) প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ, বগুড়া
৪৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট
৫০) উপপরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৫১) উপপরিচালক , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫২) নির্বাহী প্রকৌশলী , শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
৫৩) যুগ্মপরিচালক (সার) , বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫৪) যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫৫) বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া

৫৬) উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ
৫৭) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫৮) নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৫৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী
৬০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৬১) যুগ্মপরিচালক , বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী
৬২) অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী
৬৩) অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া
৬৪) অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা
৬৫) অধ্যক্ষ , শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ
৬৬) অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ
৬৭) উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী
৬৮) উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী
৬৯) যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী
৭০) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
৭১) উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী
৭২) উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী
৭৩) উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী
৭৪) উপপরিচালক , বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী
৭৫) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী
৭৬) আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী
৭৭) বিভাগীয় ব্যবস্থাপক , ব্র্যাক, রাজশাহী
৭৮) আঞ্চলিক প্রকল্প পরিচালক , বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী
৭৯) জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী
৮০) জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা
৮১) জোনাল সেটেলমেন্ট অফিসার , বগুড়া
৮২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী
৮৩) সহকারী পরিচালক , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
৮৪) সহকারী প্ল্যানার , নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
৮৫) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৬) সাঁটলিপিকার , গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৭) গোপনীয় সহকারী, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৮) গোপনীয় সহকারী, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৯) গোপনীয় সহকারী, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার